আমাদের অর্থনীতি
১৫, মে ২০২৪

# বিসিআরএল প্রকল্পের ৩ দিনব্যাপী প্রশিক্ষণ অনুষ্ঠিত



**নিজস্ব প্রতিবেদক :** [১] বিল্ডিং ক্লাইমেট রেজিলিয়েন্ট লাইভলিহুডস ইন ভালনারেবল ল্যান্ডস্কেপস ইন বাংলাদেশ (বিসিআরএল) প্রকল্পের অধীনে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী ঢাকায় ১২-১৪ মে তিন দিনব্যাপী বিসিআরএল-এফএফএস টিওটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। বুধবার এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

[২] বলা হয়, মঙ্গলবার টিওটি প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক কৃষিবিদ বাদল চন্দ্র বিশ্বাস, সভাপতিত্ব করেন বিসিআরএল প্রকল্পের প্রকল্প পরিচালক (ডিএই অংগ) ড. মোহাম্মদ লোকমান হোসেন মজুমদার, উপস্থিত ছিলেন এফএও এর প্রতিনিধি মোতাসসিম বিল্লাহ, ক্লাইমেট চেইঞ্জ এক্সপার্ট।

[৩] প্রশিক্ষণে তিনটি অঞ্চলের ৫ জেলা ও ৯ উপজেলার বিসিআরএল প্রকল্পের আওতাধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বিসিএস ক্যাডার কর্মকর্তারা অংশগ্রহণ করেন। [৪] এর আগে রোববার টিওটি প্রশিক্ষণ উদ্বোধন করেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পরিকল্পনা উইংয়ের পরিচালক মো. রেজাউল করিম। [৫] প্রশিক্ষণে বিশ্ববিদ্যালয়, গবেষণা প্রতিষ্ঠান এবং বিভিন্ন সংস্থার রিসোর্স পার্সনরা প্রকল্পের নকশা অনুযায়ী প্রশিক্ষণ লেকচার উপস্থাপন করেন। [৬] ফুড অ্যান্ড এগ্রিকালচার অর্গানাইজেশন অব ইউনাইটেড ন্যাশনস (এফএও) এর প্রযুক্তিগত সহায়তায় গ্লোবাল এনভায়রনমেন্ট ফ্যাসিলিটি (জিইএফ) এর অর্থায়নে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও পরিবেশ অধিদপ্তর প্রকল্পটি বাস্তবায়ন করেছে।